দৈনিক ইনকিলাব

তারিখ ... 24 JAN 2006...
পৃষ্ঠা ১৭ কলাম ৬.....

# প্রশ্নপত্র ফাঁস প্রসঙ্গে ঢা.বি বিজনেস স্টাডিজ অনুষদ

প্রেস বিজ্ঞপ্তি ঃ ২১ জানুয়ারী কতিপয় সংবাদপত্রে প্রকাশিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস বিষয়ে রিপোর্টের প্রতি আমাদের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। এ প্রেক্ষিতে পরীক্ষা কমিটির সুস্পষ্ট বক্তব্য নিম্নরূপ ঃ

প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ তথ্যভিত্তিক নয় এবং সম্পূর্ণ উদ্দেশ্যপ্রণোদিত। পরীক্ষা অনুষ্ঠানের পূর্বে কোন পত্রিকার রিপোর্টার কিংবা কোন ব্যক্তি প্রশ্নপত্র ফাঁস সংক্রান্ত কোন তথ্য কিংবা প্রশ্নপত্রের কপি ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন অফিস, ডিন অফিস কিংবা অন্য কোন সংশ্লিষ্ট অফিসে জমা দেয়নি। পরীক্ষা সম্পন্ন হওয়ার পর এ জাতীয় অভিযোগ বাঞ্ছনীয় নয়।